

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৮০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬৪. দু'আর ফযিলত।

باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ شُعْبَةً، عَنْ زِيَادِ بْنِ مِخْرَاقٍ، عَنْ أَبِي نُعَامَةً، عَنِ ابْنِ لِسَعْدٍ، أَنَّهُ قَالَ سَمِعنِي أَبِي، وَأَنَا أَقُولُ اللَّهُمَّ، إِنِّي أَسْأَلُكَ الْجَنَّة وَنَعِيمَهَا وَبَهْجَتَهَا وَكَذَا وَكَذَا وَلَا أَنَّهُ قَالَ يَا بُنَى ٓ إِنِّي سَمِعْتُ رَسُولَ وَكَذَا وَلَا أَعُودُ بِكَ مِنَ النَّارِ وَسَلاَسِلِهَا وَأَعْلاَلِهَا وَكَذَا وَكَذَا فَقَالَ يَا بُنَى ٓ إِنِّي سَمِعْتُ رَسُولَ وَكَذَا وَكَذَا وَكَذَا فَقَالَ يَا بُنَى ٓ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " سَيَكُونُ قَوْمٌ يَعْتَدُونَ فِي الدُّعَاءِ " . فَإِيَّاكَ أَنْ تَكُونَ مِنْهُمْ إِنْ أُعْطِيتَ الْجَنَّةَ أُعْطِيتَهَا وَمَا فِيهَا مِنَ الْخَيْرِ وَإِنْ أُعِذْتَ مِنَ النَّارِ أُعِذْتَ مِنْ النَّارِ أُعِذْتَ مِنْهَا وَمَا فِيهَا مِنَ الْخَيْرِ وَإِنْ أُعِذْتَ مِنَ النَّارِ أُعِدْتَ مِنْ الشَّرِ .

বাংলা

১৪৮০. মুসাদ্দাদ (রহঃ) ইবন সা'দ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমাকে এরূপ বলতে শুনেন যে, "ইয়া আল্লাহ! আমি আপনার নিকট জান্নাত, তার নিয়ামত ও সুখ-সৌন্দর্য ইত্যাদি কামনা করছি এবং আপনার নিকট দোজখের অগ্নি, তার লোহার জিঞ্জীর ও বেড়ী ইত্যাদি হতে পরিত্রাণ কামনা করি।" আমার পিতা বলেন, হে প্রিয় বৎস! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, অতি সত্বর এমন এক সম্প্রদায় প্রকাশ পাবে, যারা দু'আর মধ্যে অতিরঞ্জন করবে। কাজেই তুমি তাদের অন্তর্ভুক্ত হইও না। যদি তোমাকে জান্নাত দান করা হয়, তবে তার যাবতীয় সুখ-সম্পদ, আরাম- আয়েশের উপকরনাদিসহ প্রদান করা হবে। আর যদি তোমাকে দোযখের আগুন হতে রক্ষা করা হয়, তবে অবশ্যই তুমি তার যাবতীয় কন্তু মুসীবত হতেও নিষ্কৃতি পাবে।

English

Narrated Sa'd ibn AbuWaqqas:

Ibn Sa'd said: My father (Sa'd ibn AbuWaqqas) heard me say: O Allah, I ask Thee for Paradise, its blessings, its pleasure and such-and-such, and such-



and-such; I seek refuge in Thee from Hell, from its chains, from its collars, and from such-and-such, and from such-and-such. He said: I heard the Messenger of Allah () say: There will be people who will exaggerate in supplication. You should not be one of them. If you are granted Paradise, you will be granted all what is good therein; if you are protected from Hell, you will be protected from what is evil therein.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন